চুয়াডাঙ্গা আলমডাঙ্গার পাঁচকমলাপুরে আসছে মিজানুর রহমান আজাহারী

চুয়াডাঙ্গায় আসছেন এ সময়ের সবচেয়ে আলোচিত ও জনপ্রিয় বক্তা, বিশিষ্ট ইসলামিক স্কলার ও পবিত্র কোরআন গবেষক শায়খ মিজানুর রহমান আল আজাহারী।

আগামী ১৬ ডিসেম্বর সোমবার আলমডাঙ্গার পাঁচকমলাপুর কওমিয়া হাফেজিয়া মাদ্রাসার ১৩তম ঐতিহাসিক তাফসিরুল কোরআন মাহফিলে অংশ নেবেন তিনি।

তিনি কোরআন ও হাদিস থেকে প্রধান বক্তা হিসেবে গুরুত্বপূর্ণ আলোচনা করবেন। মাহফিলে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকবেন চুয়াডাঙ্গার কৃতী সন্তান পাঁচকমলাপুর কওমিয়া হাফিজিয়া মাদ্রাসার পরিচালক, বাংলাদেশ বিজনেস চেম্বার অব সিঙ্গাপুর (বিডিচ্যাম)-এর প্রেসিডেন্ট আলহাজ্ব সাহিদুজ্জামান টরিক।

পাঁচকমলাপুর হাফিজিয়া মাদ্রাসার মুহতামিম হযরত মাওলানা আব্দুল হামিদের সভাপতিত্বে বিশেষ বক্তা হিসেবে ওই দিন তাফসির পেশ করবেন বিশিষ্ট ইসলামিক চিন্তাবিদ, মুফাচ্ছিরে কোরআন হযরত মাওলানা মুফতি আলী আকবর। মাহফিল উপলক্ষে মাদ্রাসার পাশ্ববর্তী বিশালাকার মাঠে প্যান্ডেল নির্মাণ ও মাঠ প্রস্তুতের শেষ পর্যায়ের কাজ চলছে।

প্রসঙ্গত, চুয়াডাঙ্গা আলমডাঙ্গার ঐতিহ্যবাহী দ্বীনি শিক্ষাপ্রতিষ্ঠান পাঁচকমলাপুর কওমিয়া হাফেজিয়া মাদ্রাসা।

এ প্রতিষ্ঠানের প্রধান পৃষ্ঠপোষক ও পরিচালক, বাংলাদেশ বিজনেস চেম্বার অব সিঙ্গাপুর (বিডিচ্যাম)-এর প্রেসিডেন্ট আলহাজ্ব সাহিদুজ্জামান টরিকের আমন্ত্রণে চুয়াডাঙ্গায় আসছেন শায়খ মিজানুর রহমান আল আজাহারী।

- চিৎলা প্রতিনিধি

দরবেশপুর গ্রামে গরুর মাংসে আল্লাহ্ লেখা !

মেহেরপুর সদর উপজেলার দরবেশপুর গ্রামে গরুর মাংসে আল্লহ্ লেখা এই আশ্চর্য ঘটনাটি ঘটেছে।
গতকাল শনিবার এই ঘটনাটি ঘটে দরবেশপুর গ্রামের আমিন মাস্টারের ছেলে শাহীনের বাড়ি।

তিনি জানান, বারাদী বাজার থেকে গরুর মাংস কিনে নিয়ে আসি পরিবারের সবাই মিলে খাবো বলে। আমার বোন মনোয়ারা মাংস গুলো পরিষ্কার করে রান্না করে। এ সময় তেমন কোনো কিছুই চোখে পড়েনি তার।

রান্না শেষে পরিবারের সবাই একসাথে খেতে বসি। আমি যখন মাংস খাচ্ছিলাম আমার বোন মনোয়ারা লক্ষ্য করলো এক খন্ড মাংসের গায়ে আল্লাহ্ লেখা দেখা যায় । সাথে সাথে আমাকে মাংস খেতে নিষেধ করে।

এটি দেখে আমি ও আমার পরিবারের সদস্যরা চমকে যায়। এবং প্রতিবেশীদের ডাক দিলে তারাও এটি দেখে চমকে যায়। পরে বিষয়টি জানাজানি হলে গ্রামের লোকজন ভিড় জমায় দেখার জন্য।
আশেপাশের গ্রাম থেকে ও লোকজন আসে এই আশ্চর্য ঘটনা টি দেখার জন্য।

- নুরুল ইসলাম, বারাদী

কুড়ুলগাছি ইউনিয়ন আওয়ামী লীগের উদ্যোগে বিজয় দিবসের

প্রস্তুতি সভা অনুষ্ঠিত

চুয়াডাঙ্গা জেলার দামুড়হুদা উপজেলার কুড়ুলগাছি ইউনিয়ন আওয়ামী লীগের উদ্যোগে প্রস্তুতি সভা অনুষ্ঠিত হয়।

গতকাল শনিবার বিকাল ৪ টার দিকে কুড়ুলগাছি ইউনিয়ন পরিষদ চত্তরে কুড়ুলগাছি ইউনিয়ন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক সরোয়ার হোসেনের সঞ্চালনায় কুড়ুলগাছি ইউনিয়ন আওয়ামী লীগের সভাপতি সাবেক চেয়ারম্যান হাবিবুল্লাহ বাহারের সভাপতিত্বে বিজয় দিবসের প্রস্তুুতি সভা অনুষ্ঠিত হয়।

এসময় উপস্থিত ছিলেন কুড়ুলগাছি ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান শাহ মো: এনামুল করিম ইনু, আওয়ামী লীগ নেতা কামাল, হামিদ মালিথা, আব্দুর রব মেম্বর, আব্দুল কুদ্দস, লিয়াকত, আবু সিদ্দিক, রেজাউল হক রেজু, আশরাফ আলী, জাহাঙ্গীর আলম, তারিকুজ্জামান, সিরাজুল, জলিল, ইনসান আলী, রিকাব, আশাদুল হক, শফিকুল কল্লা, হারুন অর রশীদ, জুলফিক্কার, আক্কেল আলী, নাজমুল সালেহীন ।

কুড়ুলগাছি ইউনিয়ন যুবলীগের সভাপতি দেলোয়ার হোসেন বিপু, সাধারণ সম্পাদক রিপন, সাংগঠনিক সম্পাদক আলমগীর, কুড়ুলগাছি ইউনিয়ন ছাত্রলীগের সভাপতি রমজান, সাধারণ সম্পাদক ফারুক, সাংগঠনিক সম্পাদক আশরাফুল, ছাত্রলীগ নেতা জাহিদ, আরিফ, সামাদ, ওয়াসকরুনী, ঝন্টু, স্বপন, সাইদুর প্রমুখ।

- কার্পাসডাঙ্গা প্রতিনিধি

চিৎলা ইউনিয়নে বিজয় দিবস উপলক্ষে মত বিনিময় সভা ও কম্বল বিতরণ অনুষ্ঠান

গতকাল শনিবার সন্ধ্যা ছয়টার সময় চিৎলা ইউনিয়ন আওয়ামী লীগ কর্তৃক আয়োজিত বিজয় দিবস নিয়ে আলোচনা সভা ও কম্বল বিতরণ অনুষ্ঠানের

আয়োজন করা হয়।

অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চিৎলা ইউনিয়ন আওয়ামী লীগের সভাপতি শাহ বাতেন।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চিৎলা ইউনিয়ন আওয়ামী লীগের সেক্রেটারি মোজাম্মেল হক।
এছাড়াও উপস্থিত ছিলেন চিৎলা ইউনিয়ন ওয়ার্ড আওয়ামী লীগের সভাপতি শমশের, বেল্টু, নজরুল, মালেক, ঝন্টু, হারেজ মিয়া, ভুট্টা মিয়া, মহাসিন, আবুসিদ্দিক প্রমুখ।

অনুষ্ঠানে প্রধান অতিথি নেতাকর্মীদের সাথে বিজয় দিবস সম্পর্কে কিছু দিকনির্দেশনা মূলক বক্তব্য দেন। অনুষ্ঠান শেষে ওয়ার্ড আওয়ামী লীগের সভাপতি ও সেক্রেটারির দের হাতে গরিব ও শীতার্ত মানুষের জন্য কম্বল তুলে দেয়।

- চিৎলা প্রতিনিধি

চুয়াডাঙ্গা জেলা স্বেচ্ছাসেবক দলের বিক্ষোভ সমাবেশ

মিথ্যা মামলায় সাবেক প্রধানমন্ত্রী বিএনপি চেয়ারপার্সন বেগম খালেদা জিয়ার জামিন আবেদন খারিজের প্রতিবাদে বিক্ষোভ সমাবেশ করেছে চুয়াডাঙ্গা জেলা স্বেচ্ছাসেবক দল।

গতকাল শনিবার বেলা ১১টায় চুয়াডাঙ্গা সাহিত্য পরিষদ চত্বরে এ বিক্ষোভ সমাবেশ অনুষ্ঠিত হয়। চুয়াডাঙ্গা জেলা স্বেচ্ছাসেবক দলের সহসভাপতি মো. হাফিজুল ইসলাম মুক্তর সভাপতিত্বে সমাবেশে প্রধান অতিথি হিসেবে বক্তব্য দেন জেলা স্বেচ্ছাসেবক দলের সভাপতি শফিকুল ইসলাম পিটু।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা স্বেচ্ছাসেবক দলের সহসভাপতি আলম উদ্দীন খান, শামসুল হক ঝণ্টু, যুগ্ম সাধারণ সম্পাদক এস এম হাসান, সংগঠনিক সম্পাদক উজ্জ্বল আহমেদ খান, সহ-সাংগঠনিক

সম্পাদক আব্দুল ওহাব ও প্রচার সম্পাদক মাবুদ সরকার।

এ ছাড়াও উপস্থিত জেলা স্বেচ্ছাসেবক দলের কৃষিবিষয়ক সম্পাদক আব্দুর রাজ্জাক ফাণ্টু, শিল্পবিষয়ক সম্পাদক শাহজামাল, পরিবার কল্যাণবিষয়ক সম্পাদক আমান উল্লাহ বাবুল, অর্থনীতি বিষয়ক সম্পাদক হাবিবুর রহমান রাজিব, ধর্মবিষয়ক সম্পাদক বাবুল শাহ, জেলা স্বেচ্ছাসেবক দলের সদস্য আবুল কালাম আজাদ, রুবেল হাসান, তুহিন ইসলাম, হ্যাপি, মিঠু প্রমুখ।
সমাবেশটি পরিচালনা করেন চুয়াডাঙ্গা জেলা জাসাসের সাধারণ সম্পাদক সেলিমুল হাবিব সেলিম।
সমাবেশে বক্তারা বলেন, বিএনপি চেয়ারপার্সন ও চারবারের সাবেক প্রধানমন্ত্রী দেশনেত্রী বেগম খালেদা জিয়ার শারীরিক অসুস্থতা ক্রমান্বয়ে চরম অবনতির দিকে ধাবিত হচ্ছে। দেশনেত্রীকে চিকিৎসা দেওয়ার নামে নানা টালবাহানা ও জনগণকে ধোকা দেওয়ার চেষ্টা করছে সরকার।

জনগনের দাবি উপেক্ষা করে বেগম জিয়াকে কোনো বিশেষায়িত হাসপাতালে চিকিৎসার সুযোগ দেয়া হয়নি। তাঁর শারীরিক অবস্থার দ্রæত অবনতি ঘটা সত্বেও সরকারের লোকেরা বেগম জিয়া সুস্থ আছেন বলে তোতা পাখির মতো সরকারের শেখানো বুলি আউড়িয়ে যাচ্ছে।

বক্তারা প্রধানমন্ত্রীর উদ্দেশ্যে বলেন, ‘বেগম খালেদা জিয়াকে বন্দী করে বিনা চিকিৎসায় আপনি অমানবিক কষ্ট দিচ্ছেন’ বেগম জিয়ার প্রতি এই নিষ্ঠুরতা বিশ্বের স্বৈরশাসকরা যে আচরণ করে, সেই আচরণেরই সমতুল্য। বেগম জিয়াকে আর কষ্ট না দিয়ে তাঁকে নি:শর্ত মুক্তি দিন।

- চুয়াডাঙ্গা প্রতিনিধি

বুদ্ধিজীবী দিবসে আলোক সজ্জা

করায় ফেসবুকে সমালোচনার ঝড়!

শহীদ বুদ্ধিজীবী দিবসে বিভিন্ন সরকারি প্রতিষ্ঠানে আলোক সজ্জা করায় ফেসবুকে সমালোচনার ঝড় উঠছে। মিনজানুর রহমান জনি নামের এক সাবেক ছাত্রলীগ নেতা ফেসবুকে একটি সমালোচনা মূলক পোষ্ট দিয়েছেন।

পোষ্টে তিনি লেখেন, আজ আমি গর্বে গর্বে গর্বিত হয়ে গেছি। কি সুন্দর ব্যাপার শহীদ বুদ্ধিজীবী দিবসে মেহেরপুরে লাল নীল হলুদ লাইট জলে—!!

আজকে এমন একটা দিন, যেদিন বাংলাদেশের জাতির শ্রেষ্ঠ স‚র্যসন্তানদের হত্যা করা হয়েছিল–!!
আর আজকের এই দিনে মেহেরপুর জেলার প্রতিটি সরকারি প্রতিষ্ঠান লাল নীল হলুদ লাইট জ্বলছে–?? এই লজ্জার দায়ভার কে নেবে ??

এই স্টাটাসে মন্তব্য করে শোভন সরকার বলেন, এই না হলো ছাত্রনেতা দেশমাতৃকার বিবেক। যথার্থই বলেছেন আমি সহমত পোষণ করছি মিজানুর রহমান জনি ভাই সাবেক সাধারণ সম্পাদক মেহেরপুর সরকারি কলেজ শাখা ছাত্রলীগ।

মো: আবু জিহাদ নামে আরও একজন বলেন, অপশক্তি আজ আমাদের দলের ভিতরে ঢুকে আছে। সাইন বোর্ডটা শুধু লাগিয়েছে দলের। বাংলাদেশ আওয়ামী লীগ শুধুমাত্র জননেত্রী শেখ হাসিনার কাছেই নিরাপদ।

এছাড়াও বিভিন্ন জন বিভিন্ন রকম কমেন্ট করেছে।

- নিজস্ব প্রতিনিধি

কার্পাসডাঙ্গা ইউনিয়ন আওয়ামী

লীগের প্রস্তুতি সভা

দামুড়হুদা কার্পাসডাঙ্গায় যথাযোগ্য মর্যাদায় মহান বিজয় দিবস-২০১৯ উদযাপন উপলক্ষে প্রস্তুতি সভা হয়েছে।

গতকাল শুক্রবার বিকাল ৩ টায় কার্পাসডাঙ্গা ইউনিয়ন আ, লীগের দলীয় কার্যালয় এ সভা অনুষ্ঠিত হয়।
কার্পাসডাঙ্গা ইউনিয়ন আওয়ামী লীগের সভাপতি শফিক-উর রহমানের সভাপতিত্বে সভায় অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা আওয়ামী লীগের সদস্য উপজেলা আওয়ামী লীগের সাংগাঠনিক সম্পাদক চেয়ারম্যান খলিলুর রহমান ভুট্ট।

এ সময় উপস্হিত ছিলেন উপজেলা আওয়ামী লীগের সহসভাপতি সহিদুল হক, কার্পাসডাঙ্গা ইউনিয়ন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক নজির আহমেদ, জেলা কৃষক লীগের পশু ও মৎস্য বিষয়ক সম্পাদক আব্দুস সালাম বিশ্বাস আওয়ামী লীগ নেতা মখলেসুর রহমান রিপন, আব্দুল হান্নান, রবিউল হোসেন শুকলাল, আব্দুল কাদের বিশ্বাস,আব্দুল করিম, আলাউদ্দিন, লুৎফর রহমান, আমিনুল ইসলাম ফুরুই, ডা. রবিউল হক, নাসির উদ্দিন,

শওকত আলী, লিয়াকত আলী, আব্দুস সবুর, সহিদুল ইসলাম, শওকত আলী, মিন্টু বিশ্বাস, সিরাজুল ইসলাম, রবিউল ইসলাম, আব্দুস সালাম, ফকির মোহাম্মদ শেখ, আশরাফ আলী, আলাল হোসেন, কিতাব আলী, সহিদুল হক ছোটআব্বা, শ্রমিক নেতা জামাত আলী, কার্পাসডাঙ্গা ইউনিয়ন যুবলীগের সাধারণ সম্পাদক মোস্তাফিজ কচি,

সহ-সভাপতি আব্দুল মজিদ, যুগ্ম সম্পাদক শরিফ রতন, প্রচার ও প্রকাশনা সম্পাদক সাংবাদিক মেহেদী হাসান মিলন, দপ্তর সম্পাদক বখতিয়ার বকুল, অর্থ বিষয়ক সম্পাদক শফিউদ্দিন বাবু, যুবলীগ নেতা আবু জাফর, আক্তার, জাহাঙ্গীর, লিটন, ফারুক, বিল্লাল, রতন, তারিকুল, আলমগীর, সাজন, ফারুক,জিয়ার, ওমিদুল, মুকুল ইউনিয়ন ছাত্রলীগের সভাপতি কামরুজ্জামান রানা, সাধারণ সম্পাদক সানাউল কবির শিরিন, লিমন, সালাউদ্দিন প্রমুখ উপস্থিত ছিলেন।

- কার্পাসডাঙ্গা প্রতিনিধি

মেহেরপুর হাসানাবাদে মরহুম ইমদাদুল হক স্মৃতি বিজয় কাপ টুর্নামেন্ট খেলার উদ্ধোধন

খেলাধুলা মানুষের মনকে ভাল রাখে। যুব সমাজকে ভাল রাখতে এরূপ আয়োজনের কোন বিকল্প নেই। রাজনীতির সাথে সমাজ সেবার কোন সম্পর্ক নেই।

ভাল কাজের মন থাকলেই সকল কিছু সম্ভব।

গতকাল শুক্রবার সকাল ১০ টায় মেহেরপুর সদরের হাসানাবাদ স্কুল মাঠে মহুরুম ইমদাদুল হক স্মৃতি বিজয় কাপ ক্রিকেট খেলার উদ্ধোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন বারাদী ইউনিট আওয়ামী লীগের সাধারণ সম্পাদক মেহেরপুর উপজেলা ভাইস চেয়ারম্যান মোমিনুল ইসলাম মোমিন।

বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন বারাদী ইউনিট আওয়ামী লীগ যুগ্ন সাধারণ সম্পাদক আরিফুল ইসলাম লিটন, হাসানাবাদ প্রাথমিক বিদ্যালয়ের এস এম সি সভাপতি বানি আমিন, বারাদী ইউনিট ছাত্রলীগের সভাপতি আল মামুন, যুবলীগ নেতা আহসান হাবীব, লিটন, রাকিব, ফিরোজ, হাসান প্রমুখ।

- বারাদী প্রতিনিধি

মেহেরপুরে প্রশিক্ষণরত ক্রিকেটারদের প্রীতি ম্যাচ অনুষ্ঠিত

মেহেরপুর স্টেডিয়াম মাঠে প্রশিক্ষণরত অনূর্ধ্ব ১৪ অনূর্ধ্ব ১৬ ক্রিকেটারদের মধ্যে প্রীতি ম্যাচ অনুষ্ঠিত হয়েছে। শুক্রবারে

ম্যাচ অনুষ্ঠিত হয়।

খেলায় অনূর্ধ্ব ১৪ ক্রিকেট দল ৫ উইকেটে জয়লাভ করে। প্রথমে ব্যাট করতে নেমে অনুর্ধ ১৬ দল ৪০ ওভারে সবকটি উইকেট হারিয়ে ১০৬ রান সংগ্রহ করে। দলের পক্ষে আসিব সর্বোচ্চ ২৭ রান করে। অনূর্ধ্ব ১৪ এর সোহান ৫ উইকেট লাভ করেন।

জবাবে খেলতে নেমে অনূর্ধ্ব ১৪ দল ২০ ওভারে ৫ উইকেট হারিয়ে জয়ের লক্ষ্যে পৌঁছে যায়। দলের পক্ষে আসিফ সর্বোচ্চ ২৯ রান করেন।

- নিজস্ব প্রতিনিধি

আলমডাঙ্গার নাগদাহ মাধ্যমিক বিদ্যালয়ের টাকা আত্মসাতের অভিযোগ

আলমডাঙ্গার নাগদাহ মাধ্যমিক বিদ্যালয়ের দুই শিক্ষকের বিরুদ্ধে বিদ্যালয়ের ভর্তি ও ফরম ফিলাপের টাকা আত্মসাতের অভিযোগ উঠেছে। চলতি বছরে দুই শিক্ষক বিদ্যালয়ের রশিদ ছাড়া টাকা উত্তোলন করে এ টাকা আত্মসাৎ করে বলে অভিযোগ পাওয়া গেছে।

জানা গেছে, আলমডাঙ্গা উপজেলার নাগদাহ মাধ্যমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক গোলজার হোসেন বাদল ও খায়রুল বাশারের বিরুদ্ধে বিদ্যালয়ের টাকা আত্মসাতের অভিযোগ পাওয়া গেছে। বিদ্যালয়ের সহকারী শিক্ষক বকুল হোসেন অভিযোগ করে বলেন, বিদ্যালয়ে জাফর আলী নামে একজন হিসাবরক্ষক নিয়োজিত আছেন।

কিন্তু সহকারি শিক্ষক গোলজার হোসেন বাদল ১৯ শত ৫০ টাকা ও খায়রুল বাশার ৩ হাজার টাকা প্রভাব খাটিয়ে বিদ্যালয়ের ছাত্র-ছাত্রীদের কাছে থেকে ভর্তি ও ফরম ফিলাপ বাবদ টাকা উত্তোলন করেন। সেই টাকার কোন হিসাব স্কুলে দীর্ঘদিন না দিলে গত বুধবার স্কুলের হিসাব নিকাশ করতে গিয়ে উক্ত টাকার বিষয়টি ধরা পড়ে।

এবং দুই শিক্ষক টাকা আত্মসাতের বিষয়টি স্বীকার করে উক্ত টাকা ফেরত দেওয়ার অঙ্গীকার করেন।
এ ব্যাপারে অভিযুক্ত গোলজার হোসেন বাদলের সাথে যোগাযোগ করা সম্ভব হয়নি। সহকারী শিক্ষক খায়রুল বাশার টাকার বিষয়টি স্বীকার করে বলেন, স্কুলের প্রধান শিক্ষক ও সহকারী শিক্ষকদের নিয়ে আলোচনার মাধ্যমে ঘটনাটি নিষ্পত্তি করা হয়েছে।

এ ব্যাপারে অত্র স্কুলের প্রধান শিক্ষক আনন্দ কুমার শীল ঘটনার সত্যতা স্বীকার করেন।

- আলমডাঙ্গা প্রতিনিধি